# আজ আলোচিত নুসরাত হত্যা মামলার হাইকোর্টের রায়



ছবি: সংগৃহীত

ফেনীর সোনাগাজীর আলোচিত মাদরাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যা মামলায় আসামিদের ডেথ রেফারেন্স, আপিল ও জেল আপিলের ওপর আজ রায় ঘোষণা করবেন হাইকোর্ট।

সোমবার (২৪ আগস্ট) বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দেবেন। গত বৃহস্পতিবার শুনানি শেষে রায়ের জন্য আজকের দিন নির্ধারণ করা হয়।

২০১৯ সালের ২৪ অক্টোবর এ মামলায় রায় দেন ফেনীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল। রায়ে মাদরাসার অধ্যক্ষ সিরাজ উদদৌলাসহ ১৬ আসামিকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। দণ্ডপ্রাপ্ত অন্যদের মধ্যে ছিলেন সোনাগাজী উপজেলা আওয়ামী লীগের তৎকালীন সভাপতি রুহুল আমিন, পৌর কাউন্সিলর মাকসুদুল আলম, মাদরাসাশিক্ষক হাফেজ আবদুল কাদের, প্রভাষক আফসার উদ্দিন ও মাদরাসাছাত্র নুর উদ্দিন।

LENS ASIA

ট্রাইব্যুনালের রায়ের পর আসামিদের ডেথ রেফারেন্স, আপিল ও জেল আপিলের শুনানি শুরু হয় হাইকোর্টে। গত সপ্তাহে এ মামলার শুনানি শুরু হয়। রাষ্ট্রপক্ষ পেপারবুক উপস্থাপনের মধ্য দিয়ে শুনানি এগিয়ে নেয়।

আজকের রায়ের মধ্য দিয়ে বহুল আলোচিত নুসরাত হত্যা মামলাটি হাইকোর্টে একটি গুরুত্বপূর্ণ ধাপ অতিক্রম করতে যাচ্ছে।